# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

বিভাগীয় প্রধান, কৃষি অর্থনীতি বিভাগ

এবং

মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ – ৩০ জুন, ২০২১

সূচিপত্র


| | |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| কৃষি অর্থনীতি বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| সেকশন ১ : রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলি | ৬ |
| সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (**Outcome/ Impact**) | ৭ |
| সেকশন ৩ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৮ |
| সংযোজনী ১ : শব্দসংক্ষেপ | ১২ |
| সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৩ |
| সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১৪ |

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তরসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বিভাগীয় প্রধান, কৃষি অর্থনীতি বিভাগ

এবং

মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর মধ্যে ২০২০ সালের জুন মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## কৃষি অর্থনীতি বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Agricultural Economics Division)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ধান বাংলাদেশের উন্নয়নের মূল ভিত্তি। টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য উন্নত ধানের জাত ও উৎপাদন প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে এ ভিত্তিকে শক্তিশালী করার লক্ষ্যে ১৯৭০ সালে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) প্রতিষ্ঠিত হয়। এর ধারাবাহিকতায় পহেলা জানুয়ারি ১৯৮১ সালে কৃষি অর্থনীতি বিভাগ "আর্থ-সামাজিক কৌশল" শীর্ষক কর্মসূচি এরিয়ার একটি অন্যতম কম্পোনেন্ট হিসাবে প্রতিষ্ঠা লাভ করে। এ বিভাগ চারটি সাব-কম্পোনেন্টে (গ্রামীণ প্রতিষ্ঠান ও অর্থনৈতিক প্রভাব; উৎপাদন অর্থনীতি; ধান বাজারজাতকরণ ও মূল্য নীতিমালা প্রণয়ন; কৃষি উন্নয়ন ও নীতিমালা) বিভাগীয় কার্যক্রম পরিচালনা করে আসছে। গবেষণার পাশাপাশি কৃষি অর্থনীতি বিভাগ অত্র ইনস্টিটিউটের বিভিন্ন সাপোর্ট সার্ভিস কার্যক্রমও করে থাকে। নিয়মিত গবেষণা কার্যক্রমের মধ্যে কৃষিতে বিশেষ করে ধান চাষের সাথে জড়িত কৃষক, শ্রমিকসহ সংশিষ্ট অন্যান্যদের আর্থ-সামাজিক অবস্থা বিশ্লেষণ, ধান উৎপাদনের আয়-ব্যয় বিশ্লেষণ, ব্রি উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কে কৃষকদের মূল্যায়ণ, ধান এবং চালের বাজারজাতকরণ, ইত্যাদি উল্লেখযোগ্য।

এ বিভাগের গত ৩ বছরের উল্লেখযোগ্য গবেষণা সাফল্য ও অর্জন সমূহঃ বাংলাদেশে বোরো মৌসুমে ব্রি উদ্ভাবিত ধানের জাতের বিস্তৃতি প্রায় ৬৭ ভাগ এবং প্রায় ৫০ ভাগ জমিতে ব্রি ধান২৮ এবং ব্রি ধান২৯ আবাদ হচ্ছে। আমন মৌসুমে বিআর১১ (৫ ভাগ) এর আওতাধীন জমি কমে আসছে ও ব্রি ধান৪৯ (১৫ ভাগ) এর জনপ্রিয়তা বৃদ্ধি পাচ্ছে। আউশ মৌসুমে ১১ ভাগ জমিতে ব্রি ধান২৮ এবং ৩১ ভাগ জমিতে ব্রি ধান৪৮ চাষ হচ্ছে। বোরো মৌসুমে প্রায় ২০ ভাগ জমিতে বিভিন্ন জাতের হাইব্রিড ধান আবাদ হচ্ছে। আউশ, আমন ও বোরো মৌসুমে ব্রি'র জাতগুলোর মধ্যে সর্বোচ্চ ফলন দিচ্ছে যথাক্রমে ব্রি ধান৪৮, ব্রি ধান৪৯ এবং ব্রি ধান২৯।

ধান উৎপাদনের ক্ষেত্রে প্রধান সমস্যা হলো শ্রমিক ও সেচ খরচের আধিক্য এবং ধানের নিম্ন বাজারমূল্য। উৎপাদনের উপকরণসমূহ ব্যবহারে সচেতনতা বৃদ্ধি পেলেও, মৌসুম নির্বিশেষে কৃষকগণ প্রয়োজনের তুলনায় অধিক বীজ এবং ইউরিয়া সার ব্যবহার করেন। লবণাক্ততা প্রবণ এলাকায় জলবায়ু সহিষ্ণু ধানের জাতের (ব্রি ধান৭৬ ও ব্রি ধান৭৭) এর জনপ্রিয়তা বৃদ্ধি পাচ্ছে। বোরো মৌসুমে বগুড়া জেলায় ভারতীয় ধানের জাতের বিস্তৃতি ৪৫ ভাগ যার মধ্যে প্রধানত মিনিকেট (২০ ভাগ) ও জিরাশাইল (১৫ ভাগ) এর জনপ্রিয়তা বেশি। তুলনামূলক ঘাত সহনীয়তা, অধিক চাহিদা ও বাজার মূল্য, উন্নত শস্যমান এবং অধিক ফলন জনপ্রিয়তার মূল কারণ। ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের দারিদ্র্য দূর করতে ও আর্থ-সামাজিক কল্যানে ব্রি উদ্ভাবিত আমন মৌসুমের ধান প্রযুক্তি জোরালো ভূমিকা রাখতে সক্ষম। ধান বাজারজাত করার ক্ষেত্রে মধ্যস্বত্ত্বভোগীরাই ভোক্তা কর্তৃক প্রদত্ত মূল্যের সিংহভাগ লভ্যাংশ হিসেবে আহরণ করে। সুগন্ধি ধানের জাত তুলসিমালার চাষ লাভজনক, পূর্ণ খরচ ও নগদ খরচের ভিত্তিতে এক টাকা ব্যয়ে যথাক্রমে ৪০ পয়সা ও ৯৪ পয়সা লাভ হয়। পার্বত্য অঞ্চলে জুম চাষের অন্তঃর্গত শতকরা ১৬ ভাগ জমিতে ধান আবাদ হয়, অধ্যুষিত এলাকায় যথাক্রমে শতকরা ৪৫, ৩২ ও ৭ ভাগ জমিতে আমন, বোরো ও আউশ ধান আবাদ হয়।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বাংলাদেশে প্রতিবছর ২২ লক্ষ লোক বাড়ছে। এ বর্ধিত জনসংখ্যার জন্য প্রতিবছর ৩.৩০ লক্ষ মেট্রিক টন চাল অতিরিক্ত উৎপাদন করতে হবে। অন্যদিকে কৃষি জমির পরিমাণ, জমির উর্বরতা, ভূগর্ভস্থ পানিসহ প্রাকৃতিক সম্পদ এবং কৃষিতে শ্রমিকের যোগান ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। এ অবস্থায় কম জমিতে অধিক উৎপাদনশীলতা অর্জন গবেষণা ক্ষেত্রে এক বিরাট চ্যালেঞ্জ। এছাড়াও পাহাড়ি ঢল, প্রলয়নকারী ঝড়, কভিড-১৯ মহামারির মত অপ্রত্যাশিত আকস্মিক দুর্যোগের প্রভাবে ধানভিত্তিক আর্থ-সামাজিকতা প্রতিনিয়ত নতুন ও অভিনব সমস্যার মুখোমুখি হচ্ছে।

এ সমস্যা এবং চ্যালেঞ্জ মোকাবেলায় ব্রি'র কৃষি অর্থনীতি বিভাগ মাঠ পর্যায়ে ব্রি উদ্ভাবিত সর্বশেষ আধুনিক প্রযুক্তির গ্রহণযোগ্যতা ও সম্ভাব্য প্রতিবন্ধকতা এবং তা নিরসনে কার্যকরী নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নে নীতিনির্ধারকদের তথ্য

উপাত্ত দিয়ে সহযোগিতা করে আসছে।

- **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

  চাল উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনকে টেকসই রূপ প্রদানের লক্ষ্যে পরিবর্তিত জলবায়ুর প্রভাব মোকাবেলা করার জন্য সুষ্ঠ ব্যবস্থাপনার মাধ্যমে উৎপাদন ব্যয় কমানো, আধুনিক ধান উৎপাদন প্রযুক্তির গ্রহণযোগ্যতা যাচাই, ধান উৎপাদনের প্রতিবন্ধকতা ও তা নিরসনের উপায় নির্ধারণের মাধ্যমে ধানভিত্তিক কৃষিজ উৎপাদনশীলতা বাড়ানোর কার্যক্রম ভবিষ্যৎ (স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি) পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

- **২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

  ১) বাংলাদেশে মাঠ পর্যায়ে আধুনিক ধানের জাতের গ্রহণযোগ্যতা এবং ইহার মূল্যায়ণ।
  ২) আধুনিক ধান উৎপাদনের আয়-ব্যয় নির্ধারণ।
  ৩) বাংলাদেশে ব্রি উদ্ভাবিত ধানের জাতগুলোর (রাজশাহী অঞ্চল) ধীরগতিতে প্রসারের সীমাবদ্ধতা বিশ্লেষণ।
  ৪) ব্রি উদ্ভাবিত ধানের জাত গবেষণা ও উন্নয়নে বিনিয়োগ বিশ্লেষণ।
  ৫) ধান ও অন্যান্য ফসল উৎপাদনের লাভজনকতার তুলনামূলক বিশ্লেষণ।
  ৬) ধানের জাতের শুদ্ধতা (ভ্যারাইটাল অথেন্টিকেশন) পর্যবেক্ষণ।
  ৭) মার্কেট ইনটিগ্রেশান এ্যান্ড প্রাইজ ট্রান্সমিশন।
  ৮) ধান চালের উপজাতসমূহের ব্যবহার ও অর্থনৈতিক বিশ্লেষণ।
  ৯) বিভিন্ন ভোক্তাশ্রেণির রাইস কনজামশন প্যার্টান বিশ্লেষণ।
  ১০) হাওরাঞ্চলে জলবায়ু পরিবর্তনের প্রভাব পর্যবেক্ষণ ও কৃষকদের জীবনমান উন্নয়নে বিভিন্ন অভিযোজন কৌশলের কার্যকারিতা যাচাই।
  ১১) টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন, পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং উৎপাদনশীলতা দ্বিগুণকরণে করণীয় নিরুপণ।

## সেকশন ১

## কৃষি অর্থনীতি বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

### ১.১ রূপকল্প (Vision):

ধান উৎপাদনের আর্থ-সামাজিক উন্নয়নে সহযোগিতাকরণ ।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

আধুনিক ধান উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণে সহযোগিতার মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ কৃষি অর্থনীতি বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ধানের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনায়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions):

১) কৃষিতে বিশেষ করে ধান চাষের সাথে জড়িত কৃষক, উৎপাদক, শ্রমিকসহ সংশ্লিষ্ট অন্যান্যদের আর্থ-সামাজিক (Socio-economic) অবস্থা বিশ্লেষণ।

২) ধান উৎপাদনের আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে লাভজনকতা (Profitability) নির্ধারণ।

৩) বাংলাদেশের বিভিন্ন এগ্রোইকোলজিক্যাল জোনে ব্রি উদ্ভাবিত ধানের জাত ও ধান সম্পর্কিত অন্যান্য প্রযুক্তির মাঠ পর্যায়ে গ্রহণযোগ্যতা (Adoption) যাচাই।

৪) ব্রি উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কে কৃষকদের প্রতিক্রিয়া মূল্যায়ণ ও যাচাই।

৫) ধান ভিত্তিক বিভিন্ন প্রযুক্তির কার্যকারিতার প্রভাব (Impact study) মূল্যায়ণ।

৬) পরিবেশ ও জলবায়ু পরিবর্তনে কৃষির সমস্যা নিরুপণ এবং অভিযোজন কৌশল (Adaptation strategy)।

৭) পরীক্ষামূলক (Experimental) ও আচরণগত (Behavioral) অর্থনীতি এবং জেন্ডার বিশ্লেষণ।

৮) ধান ও চালের বাজারজাতকরণ (Marketing) এবং মূল্য নির্ধারণে (Procurement price) সরকারি নীতিমালা গ্রহণে সহযোগিতাকরণ।

৯) টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে সরকার কর্তৃক গৃহীত নীতিমালার (কৃষি ও ক্ষুদ্র ঋণ, ভর্তূকি, উপকরণ সহায়তা ইত্যাদি) কার্যকারিতা (Effectiveness) যাচাই।

১০) আধুনিক ধান উৎপাদন প্রযুক্তি সম্পর্কে কৃষক ও সংশ্লিষ্ট অন্যান্যদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণের প্রভাব মূল্যায়ন।

১১) মন্ত্রণালয়সহ অন্যান্য সংস্থার যাচিত তথ্য উপাত্তের যোগান দেয়া।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২০২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ধানের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং উন্নয়ন নীতিমালা গ্রহন, পরিবর্তন ও পরিমার্জনে সহায়তাকরণ | ১.১.১ প্রযুক্তির গ্রহণযোগ্যতা যাচাই | সংখ্যা | ৩ | ৪ | ৪ | ৫ | ৬ | কৃষি অর্থনীতি বিভাগ | ব্রি'র বার্ষিক প্রতিবেদন, জার্নাল ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন |
| | ১.২.১ লাভজনকতা নির্ধারণ | সংখ্যা | ৪ | ৩ | ৪ | ৩ | ৪ | কৃষি অর্থনীতি বিভাগ | ব্রি'র বার্ষিক প্রতিবেদন, জার্নাল ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন |
| | ১.৪.১ উন্নয়ন নীতিমালা বিশ্লেষণ | সংখ্যা | ১ | ২ | ৩ | ৩ | ৩ | কৃষি অর্থনীতি বিভাগসহ অন্যান্য সংশ্লিষ্ট বিভাগ | ব্রি'র বার্ষিক প্রতিবেদন, জার্নাল ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন |

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলিত মান | চলিত মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **কৃষি অর্থনীতি বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| ১। ধানের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ৭৫ | ১. ১ গ্রামীণ প্রতিষ্ঠান ও অর্থনৈতিক প্রভাব নিরুপণ | ১.১.১ প্রযুক্তির গ্রহণযোগ্যতা যাচাই | সমষ্টি | সংখ্যা | ২৫ | ৩ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | - | ৫ | ৬ |
| | | | ১.১.২ প্রযুক্তির কার্যকারি প্রভাব মূল্যায়ণ/অভিযোজন কৌশল | সমষ্টি | সংখ্যা | ১০ | ২ | ১ | ১ | ১ | - | - | - | ২ | ৩ |
| | | ১. ২ উৎপাদন অর্থনীতি | ১.২.১ লাভজনকতা নির্ধারণ | সমষ্টি | সংখ্যা | ২০ | ৪ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | - | ৩ | ৪ |
| | | ১.৩ ধান বাজারজাতকরণ ও মূল্য নীতিমালা প্রণয়ন | ১.৩.১ ধান ও চালের বাজারজাতকরণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ১ | ১ | ৩ | ২ | ১ | - | - | ২ | ৩ |
| | | | ১.৩.২ মূল্য নির্ধারণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩ | ২ | ২ | ১ | - | - | - | ২ | ৩ |
| | | ১.৪ কৃষি নীতি ও উন্নয়ন | ১.৪.১ উন্নয়ন নীতিমালা বিশ্লেষণ | সমষ্টি | সংখ্যা | ৫ | ১ | ২ | ৩ | ১ | - | - | - | ২ | ৩ |
| | | | ১.৪.২ উপযোগী বৈজ্ঞানিক তথ্য উপাত্তের যোগান | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫ | ৫ | ৬ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |

* লক্ষ্যমাত্রা

# কৃষি অর্থনীতি বিভাগের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২০২১

## (মোট মান-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষমাত্রার মান- ২০২০-২০২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলিত মান (Fair) | চলিত মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] নূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | তারিখ | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষমাত্রার মান- ২০২০-২০২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলিত মান (Fair) | চলিত মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃতস্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, সিএসও এবং প্রধান, কৃষি অর্থনীতি বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর প্রতিনিধি হিসাবে সিএসও এবং প্রধান, কৃষি অর্থনীতি বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সিএসও এবং প্রধান, কৃষি অর্থনীতি বিভাগ<br>বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | তারিখ |
| মহাপরিচালক<br>বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | তারিখ |

# সংযোজনী-১
## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | এডিপি | অ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রজেক্ট (বার্ষিক উন্নয়ন কর্মসূচি) |
| ২ | বিআরআরআই/ব্রি | বাংলাদেশ রাইস রিসার্চ ইনস্টিটিউট |
| ৪ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অফ স্ট্যাটিস্টিক্স |
| ৫ | সিএসও | চীফ সাইন্টিফিক অফিসার |
| ৬ | FY | Fiscal Year |

## সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | প্রমাণকের উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | **১.১ গ্রামীণ প্রতিষ্ঠান ও অর্থনৈতিক প্রভাব নিরুপণ** | ১.১.১ প্রযুক্তির গ্রহণযোগ্যতা যাচাই | (১-৩) বাংলাদেশের বিভিন্ন এগ্রোইকোলজিক্যাল জোনে আউশ, আমন ও বোরো মৌসুমে আধুনিক ধানের জাতের মাঠ পর্যায়ে গ্রহণযোগ্যতা যাচাই করা হবে।<br>(৪) বাংলাদেশে ব্রি উদ্ভাবিত আধুনিক ধানের জাতগুলোর (রাজশাহী অঞ্চল) ধীরগতিতে প্রসারের সীমাবদ্ধতা বিশ্লেষণ। | কৃষি অর্থনীতি বিভাগ | প্রকাশনার প্রথম পৃষ্ঠা | কৃষি অর্থনীতি বিভাগ |
| ২ | | ১.১.২ প্রযুক্তির কার্যকারি প্রভাব মূল্যায়ণ/ অভিযোজন কৌশল | (১) হাওরাঞ্চলে জলবায়ু পরিবর্তনের প্রভাব পর্যবেক্ষণ ও কৃষকদের জীবনমান উন্নয়নে বিভিন্ন অভিযোজন কৌশলের কার্যকারিতা যাচাই। | কৃষি অর্থনীতি বিভাগ | প্রকাশনার প্রথম পৃষ্ঠা | কৃষি অর্থনীতি বিভাগ |
| ৩ | **১.২ উৎপাদন অর্থনীতি** | ১.২.১ লাভজনকতা নির্ধারণ | (১-৩) আউশ, আমন ও বোরো মৌসুমে ধান উৎপাদনের আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে লাভজনকতা নির্ধারণ করা হবে।<br>(৪) ধান ও অন্যান্য ফসল উৎপাদনের লাভজনকতার তুলনামূলক বিশ্লেষণ। | কৃষি অর্থনীতি বিভাগ | প্রতিবেদনের প্রথম পৃষ্ঠা | কৃষি অর্থনীতি বিভাগ |
| ৪ | **১.৩ ধান বাজারজাতকরণ ও মূল্য নীতিমালা প্রণয়ন** | ১.৩.১ ধান ও চালের বাজারজাতকরণ | (১) মার্কেট ইনটিগ্রেশান এ্যান্ড প্রাইজ ট্রান্সমিশন।<br>(২) ধান চালের উপজাতসমূহের ব্যবহার ও অর্থনৈতিক বিশ্লেষণ।<br>(৩) ধানের জাতের শুদ্ধতা (ভ্যারাইটাল অথেন্টিকেশন) পর্যবেক্ষণ। | কৃষি অর্থনীতি বিভাগ | প্রকাশনার প্রথম পৃষ্ঠা | কৃষি অর্থনীতি বিভাগ |
| ৫ | | ১.৩.২ মূল্য নির্ধারণ | (১-২) আমন ও বোরো মৌসুমে কৃষকদের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিতকরণে ধান ও চাউলের মূল্য নির্ধারণ করে সরকারী নীতিমালা গ্রহণে সহযোগীতা করা হয়। | কৃষি অর্থনীতি বিভাগ | প্রকাশনার প্রথম পৃষ্ঠা | কৃষি অর্থনীতি বিভাগ |
| ৬ | **১.৪ কৃষি নীতি ও উন্নয়ন** | ১.৪.১ উন্নয়ন নীতিমালা বিশ্লেষণ | (১) টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন, পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং উৎপাদনশীলতা দ্বিগুণকরণের কৌশলগত পদ্ধতি নিরুপণ করা হবে।<br>(২) ধানের জাত গবেষণা ও উন্নয়নে বিনিয়োগ বিশ্লেষণ।<br>(৩) বিভিন্ন ভোক্তাশ্রেণির রাইস কনজামশন প্যার্টান বিশ্লেষণ। | কৃষি অর্থনীতি বিভাগসহ অন্যান্য সংশ্লিষ্ট বিভাগ | প্রকাশনার প্রথম পৃষ্ঠা | কৃষি অর্থনীতি বিভাগ |
| ৭ | | ১.৪.২ উপযোগী বৈজ্ঞানিক তথ্য উপাত্তের যোগান | মন্ত্রণালয়সহ অন্যান্য সংস্থার যাচিত তথ্য উপাত্তের যোগান দেয়া হয়। | কৃষি অর্থনীতি বিভাগসহ অন্যান্য সংশ্লিষ্ট বিভাগ | প্রতিবেদনের প্রথম পৃষ্ঠা | কৃষি অর্থনীতি বিভাগ |

## সংযোজনী-৩

## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| কৃষি সম্প্রসারণ অধিদপ্তর<br>বিবিএস<br>ব্রি, আঞ্চলিক কার্যালয় ও গবেষণা বিভাগসমূহ<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | ১.১ গ্রামীণ প্রতিষ্ঠান ও অর্থনৈতিক প্রভাব নিরুপণ | প্রযুক্তির গ্রহণযোগ্যতা যাচাই | প্রযুক্তি সম্প্রসারণ বিষয়ক তথ্য যোগান | কৃষি তথা কৃষকের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে অপরিহার্য | গবেষণা কার্যক্রম ব্যাহত হবে, ফলশ্রুতিতে নতুন প্রযুক্তির সম্প্রসারণ ধীর গতিতে হবে। |
| কৃষি সম্প্রসারণ অধিদপ্তর<br>বিবিএস<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | ১.২ উৎপাদন অর্থনীতি | ধান ও চালের উৎপাদন ব্যয়, লাভজনকতা ও সংগ্রহ মূল্য নির্ধারণ | কৃষি উপকরণের (সেচ, বীজ ও সার) তথ্য যোগান | কৃষি তথা কৃষকের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে অপরিহার্য | গবেষণা কার্যক্রম ব্যাহত হবে, ফলশ্রুতিতে নতুন প্রযুক্তির সম্প্রসারণ ধীর গতিতে হবে। |
| কৃষি বিপণন অধিদপ্তর | ১.৩ ধান বাজারজাতকরণ ও মূল্য নীতিমালা প্রণয়ন | ধান ও চালের বাজার মূল্যের গতি-প্রকৃতি বিশ্লেষণ | অঞ্চলভিত্তিক ধান ও চাউলের বাজার মূল্যের যোগান | কৃষি তথা কৃষকের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে অপরিহার্য | ন্যায্য মূল্যের সুফল কৃষক তুলনামূলক কম পাবে। |
| রাষ্ট্রায়াত্ত ব্যাংকসমূহ | ১.৪ কৃষি নীতি ও উন্নয়ন | উন্নয়ন নীতিমালা বিশ্লেষণ | কৃষি ও ক্ষুদ্র ঋণের তথ্য যোগান | কৃষি তথা কৃষকের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে অপরিহার্য | গবেষণা কার্যক্রম ব্যাহত হবে, ফলশ্রুতিতে সময়মত সঠিক নীতিমালা প্রণয়ন বাধাগ্রস্ত হবে। |